

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৪৬টি প্রতিষ্ঠানকে ২.৯৫ লক্ষ টাকা জরিমানা

২৮ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, বরিশাল, শরীয়তপুর, ঝালকাঠি, দিনাজপুর, বাগেরহাট, ঠাকুরগাঁও, পাবনা ও নড়াইলে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে প্রিন্স রেস্তোরা ও ভর্তা ভাত রেস্তোরাহকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক জুবায়ের আহমেদের নেতৃত্বে চট্টগ্রামের বিভিন্ন এলাকায় ৬টি প্রতিষ্ঠানকে ১,৪৫,০০০/- (এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শাহ শোয়াইব মিয়াবর নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জামাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির নলছিটি উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে দিনাজপুরের চিরিবন্দর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় ৮টি প্রতিষ্ঠানকে ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও এর বালিয়াডাঙ্গি উপজেলায় ১০টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনার আতাইকুলা থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা এবং নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকাসহ মোট ২,২৩,০০০/- (দুই লক্ষ তেইশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে সাদ্দাম বেকারীকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ১১টি বাজার তদারকি ও ১টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৪৬টি প্রতিষ্ঠানকে মোট ২,৯৫,০০০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহিমিনা আক্তার)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, শরীয়তপুর, ঝালকাঠি, দিনাজপুর, বাগেরহাট, ঠাকুরগাঁও, পাবনা ও নড়াইল।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, শরীয়তপুর, ঝালকাঠি, দিনাজপুর, বাগেরহাট, ঠাকুরগাঁও, পাবনা ও নড়াইল।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।